

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কোর্স ক্রেডিট পদ্ধতি চালু হচ্ছে

নিজামুল হক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ প্রতিষ্ঠার দীর্ঘ ৬৪ বছর পর শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা

পদ্ধতিতে বড় ধরনের পরিবর্তন আসছে। আগামী ২০০৩ শিক্ষা বর্ষে জানুয়ারী-জুন এবং জুলাই-ডিসেম্বর সেমিস্টার থেকে এ ধরনের শিক্ষা পদ্ধতি চালু হবে। কৃষি শিক্ষাকে আধুনিক ও প্রয়োগমুখী করার লক্ষ্যে এ পদ্ধতি চালু হতে যাচ্ছে। চার বছর মেয়াদী বিএসসি এজি (অনার্স) কে লেভেল ১,২,৩,৪ হিসেবে বিবেচনা করা হবে এবং প্রতি লেভেলে দুটি সেমিস্টার থাকবে। চারটি লেভেলের জন্য মোট ক্রেডিট মান-১৯৪, যার মধ্যে ঐচ্ছিক কোর্সের ক্রেডিট মান-১২।

আবশ্যিক কোর্সের মধ্যে এগ্রোনমির ক্রেডিট মান-২২, হাটিকালচার-১৯, সয়েল সাইন্স-১৮, এন্টোমোলজি-১৫, জেনেটিক্স এন্ড প্রাক্টি রেডিং-১৫, প্লান্ট প্যাথলজি-১৫, এগ্রিল এন্ড্রেন্টেশন এন্ড ইনফরমেশন সিস্টেম-১৫, বায়ো টেকনোলজি-৫, এগ্রিল বোটানি-১৫, এগ্রো ফরেস্ট্রি এন্ড (১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

ক্রিডার আড়

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

ইঞ্জিনিয়ারিং সাইন্স-৫, এগ্রিল কেমিস্ট্রি-১০, বায়ো কেমিস্ট্রি-৮, এগ্রিল ইকোনোমিস্ট্রি এন্ড রুরাল সোসিওলজি-৫, ফার্ম মেকানিক্স-৫, এনিমাল হাসবেনড্রি-৫ এবং এগ্রিল স্ট্যাটিস্টিকস-৫। এ শিক্ষা পদ্ধতিতে ঐচ্ছিক কোর্সের সংখ্যা-১৪টি, যার প্রতিটির মান-৩। চারটি লেভেলে মোট 'আবশ্যিক কোর্স' রয়েছে ৩৯টি এবং মোট 'ঐচ্ছিক কোর্স' থাকতে হবে ৪টি।

এ শিক্ষা পদ্ধতিতে ছাত্র-ছাত্রীদের সঠিক মেধার মূল্যায়ন হবে এবং ছাত্র-ছাত্রীদের কৃষি শিক্ষায় আরো আগ্রহী করে তুলবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।